প্রথম আলো

তারিখ JUL 30 2006
পৃষ্ঠা … কলাম …

# পাঠ্যবই সম্পর্কে জ্ঞান নিতে বিদেশ যাচ্ছেন ৭ সাংসদ ১৫ কর্মকর্তা

শরিফুজ্জামান পিন্টু

প্রকাশনা প্রযুক্তি ও পাঠ্যবই উন্নয়নে অভিজ্ঞতা অর্জন করতে অর্ধকোটি টাকা ব্যয়ে সাত সাংসদসহ ২২ কর্মকর্তা বিদেশ সফরে যাচ্ছেন। এদের মধ্যে অন্তত ১০ জন কর্মকর্তা চলতি বছরের মধ্যেই অবসরে যাবেন, বাকিরা প্রেষণে নিয়োগ পাওয়ায় যেকোনো সময় অন্যত্র বদলি হতে পারেন। আর অষ্টম জাতীয় সংসদ ও বর্তমান চারদলীয় জোট সরকারের মেয়াদও আগামী তিন মাসের মধ্যে শেষ হয়ে যাচ্ছে।

বিদেশ ভ্রমণে সাংসদদের তালিকায় মুফতি ফজলুল হক আমিনীর নাম রয়েছে। তবে মুফতি আমিনী এতে বিস্ময় প্রকাশ করে বলেছেন, বিষয়টি তার জানা নেই। কবে এবং কোন দেশে যাওয়ার তালিকায় তার নাম রয়েছে তা এই প্রতিবেদকের কাছে তিনি জানতে চান। *প্রথম আলো*কে মুফতি আমিনী জানান, ইন্দোনেশিয়া সফরের তালিকায় নাম থাকলেও তিনি যাবেন না।

অবসরে যাওয়ার আগে শিক্ষা কর্মকর্তা এবং সংসদের মেয়াদ শেষ হওয়ার আগেভাগে সাংসদদের বিদেশ সফরের মাধ্যমে অর্জিত অভিজ্ঞতা পাঠ্যবইয়ের মান উন্নয়নে কতটা কাজে লাগবে তা নিয়ে প্রশ্ন উঠেছে। তা ছাড়া এ তালিকায় জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) স্থায়ী কর্মকর্তা রয়েছেন মাত্র একজন। এ ধরনের অভিজ্ঞতা এনসিটিবির স্থায়ী কর্মকর্তাদের জন্যই বেশি দরকার। অথচ তাদের এক রকম বাদ দিয়ে এ সফরের আয়োজন করা হয়েছে। এ নিয়ে তাদের মধ্যে ক্ষোভ দেখা দিয়েছে। এনসিটিবি কর্মকর্তারা প্রশ্ন করেন, বোর্ডের নিজস্ব তহবিল থেকে ৫০ লাখ টাকা খরচ করে সাংসদ, প্রেষণে আসা এবং অবসরে যাওয়ার অপেক্ষায় থাকা কর্মকর্তাদের বিদেশ সফরের অভিজ্ঞতা কার কী কাজে লাগবে?

অবশ্য এনসিটিবির চেয়ারম্যান ড. গাজী মো. আহসানুল কবীর *প্রথম আলো*কে বলেন, এই তালিকা বেশ আগেই তৈরি হয়েছে। গত অর্থবছরের বাজেটে এ খাতে টাকা বরাদ্দ ছিল। কিন্তু একমুখী শিক্ষা নিয়ে জটিলতা এবং সময়মতো পাঠ্যবই প্রকাশের কাজের চাপে সফর স্থগিত রাখা হয়।

জানা যায়, গত বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয় তিনটি দেশ সফরের জন্য ১১ জনের তালিকা

এরপর পৃষ্ঠা ১ কলাম ৪

## বিদেশ যাচ্ছেন ৭ সাংসদ ১৫ কর্মকর্তা

প্রথম পৃষ্ঠার পর

চূড়ান্ত করে। এর মধ্যে ইন্দোনেশিয়ায় সাতজন, মালয়েশিয়ায় সাতজন এবং চীনে আটজন সাংসদ ও কর্মকর্তা যাচ্ছেন।

আগামী ৫ আগস্ট থেকে ১১ আগস্ট পর্যন্ত ইন্দোনেশিয়া সফরের তালিকায় আছেন দুই সাংসদ এম এ এইচ সেলিম ও মুফতি ফজলুল হক আমিনী। শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. আবদুল মতিন চৌধুরী ছাড়াও এনসিটিবি থেকে অধ্যাপক মো. আতিয়ার রহমান, অধ্যাপক মো. সোহরাব হোসেন, জিয়াউল হাসান এবং তাহেরা আখতার জাহান তালিকায় আছেন।

২১ আগস্ট থেকে ২৭ আগস্ট পর্যন্ত মালয়েশিয়া সফর করবেন সাংসদ মো. আবদুল গফুর ভূঁইয়া, সাংসদ মো. আবদুল মমিন তালুকদার, শিক্ষা মন্ত্রণালয়ের মো. শফিউল্লাহ এবং এনসিটিবির ন ম জাহাঙ্গীর, অধ্যাপক সিরাজুল ইসলাম, অধ্যাপক মো. আলতাফ হোসেন এবং মো. শফিকুর রহমান।

চীন সফর হবে ১২ থেকে ১৮ আগস্ট পর্যন্ত। যাবেন সাংসদ আবু ইউসুফ মো. খলিলুর রহমান, মো. আতিউর রহমান এবং এ কে এম সেলিম রেজা হাবিব, এনসিটিবির ড. গাজী মো. আহসানুল কবীর, মো. ইউসুফ ফারুক, ড. হাসনা হেনা বেগম এবং হামিদা বানু বেগম। এই দলে শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য কর্মকর্তার নাম রয়েছে।

পাঠ্যবইয়ের মান উন্নয়ন ও প্রকাশনা প্রযুক্তি বিষয়ে দক্ষতা অর্জন এই বিদেশ সফরের উদ্দেশ্য হলেও এ বছরের মধ্যে অবসরে যাবেন পাঠ্যপুস্তক বোর্ডের কর্মকর্তা অধ্যাপক সিরাজুল ইসলাম, অধ্যাপক সোহরাব হোসেন, অধ্যাপক আলতাফ হোসেন, অধ্যাপক আতিয়ার রহমান, অধ্যাপক ইউসুফ ফারুক প্রমুখ। এ ছাড়া সদস্য (অর্থ) ন ম জাহাঙ্গীরসহ অন্যরা প্রশাসনসহ বিভিন্ন ক্যাডার থেকে প্রেষণে বোর্ডে এসেছেন।

যোগাযোগ করা হলে এনসিটিবির চেয়ারম্যান জানান, বিদেশ সফরের জন্য যে ধরনের যোগ্যতা ও অভিজ্ঞতা থাকা প্রয়োজন তা বোর্ডের স্থায়ী কর্মকর্তা-কর্মচারী অনেকেরই নেই। অভিজ্ঞতা অর্জন করে আসার পর প্রেষণে থাকা কর্মকর্তাদের বদলির বিষয়টি মন্ত্রণালয় বিবেচনা করবে বলে তিনি মনে করেন।